

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
(ভূমি অধিগ্রহণ শাখা)  
কিশোরগঞ্জ  
[www.kishoregani.gov.bd](http://www.kishoregani.gov.bd)

স্মারক নম্বর : ৩১.৪১.৪৮০০.০০৮.০৬.৩১৩.২১-৩৯৯


তারিখ : ৭ জ্যৈষ্ঠ ১৪৩০  
২১ মে ২০২৩

**“গণবিজ্ঞপ্তি”**

বিষয় : ০৮/২০২২-২০২৩ নং এল.এ কেসের আওতায় “হাওর এলাকার বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পে”  
কিশোরগঞ্জ জেলার নিকলী ও বাজিতপুর উপজেলাধীন নুনীর হাওর উপ-প্রকল্পের (১ম সংশোধিত) আওতায় ডুবন্ত  
বাঁধ/সুইজগেট/কজাওয়ে ও অন্যান্য কাজ করার নিমিত্ত নিকলী উপজেলাধীন ০৯টি ও বাজিতপুর উপজেলাধীন ০২টি মৌজায়  
মোট ১৭.৪৯ একর(কম/বেশি) ভূমি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২  
ও ১৩ নং অনুচ্ছেদমতে প্রস্তুতকৃত যৌথ তদন্ত তালিকা প্রকাশ/জারি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৮/২০২২-২০২৩ নং এল.এ কেসের আওতায় “হাওর এলাকার  
বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পে” কিশোরগঞ্জ জেলার নিকলী ও বাজিতপুর উপজেলায় নুনীর হাওর উপ-প্রকল্পের (১ম  
সংশোধিত) আওতায় ডুবন্ত বাঁধ/সুইজগেট/কজাওয়ে ও অন্যান্য কাজ করার নিমিত্ত নিকলী উপজেলাধীন নিকলী, হাফসেরদিয়া, জোয়ার  
নিকলী, সাহাপুর, গুরুই, ছোট দিঘীরপাড়, কুর্শা, সিংপুর, সাইটধার এবং বাজিতপুর উপজেলাধীন কুকরারাইল, দিঘরিপাড় বস্তি  
মৌজায় মোট ১৭.৪৯ একর (কম/বেশি) ভূমির যৌথ তদন্ত তালিকা সরেজমিন প্রস্তুত করা হয়েছে।

এমতাবস্থায়, ভূমি মন্ত্রণালয়ের ১০/১২/২০১৭ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০.০৪২.০৪.০০১.১৪ (অংশ)- ৪৫৪ নং স্মারকে  
জারিকৃত স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ ও ১৩ নং অনুচ্ছেদমতে প্রস্তুতকৃত  
যৌথ তদন্ত তালিকায় বর্ণিত বিবরণীর বিরুদ্ধে কারো কোন আপত্তি থাকলে তা বিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয়  
কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা এবং জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয় বরাবর আপত্তি দাখিল করা যাবে।



(মোঃ সিরাজুল ইসলাম)

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা

কিশোরগঞ্জ

ফোন: ০৯৪১-৬১৭৮১(অঃ)

যৌথ তদন্ত তালিকা নোটিশ বোর্ডে প্রকাশের জন্য প্রেরণ করা হলো :-

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কমিশনার মহোদয়ের একান্ত সচিব)
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নিকলী/বাজিতপুর, কিশোরগঞ্জ
- ✓ ০৩। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, গণ-বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
- ০৪। সহকারী কমিশনার (ভূমি) নিকলী/বাজিতপুর, কিশোরগঞ্জ
- ০৫। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ
- ০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সিংপুর/নিকলী সদর/জারুইতলা/গুরুই, নিকলী, কিশোরগঞ্জ
- ০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, দিঘীরপাড় বস্তি, বাজিতপুর, কিশোরগঞ্জ
- ০৮। চেয়ারম্যান, সিংপুর/নিকলী সদর/জারুইতলা/গুরুই, নিকলী, কিশোরগঞ্জ
- ০৯। চেয়ারম্যান, দিঘীরপাড় বস্তি, বাজিতপুর, কিশোরগঞ্জ
- ১০। প্রস্তুতকৃত ভূমির প্রকাশ্য স্থান (মৌজা- নিকলী উপজেলাধীন নিকলী, হাফসেরদিয়া, জোয়ার নিকলী, সাহাপুর, গুরুই, ছোট  
দিঘীরপাড়, কুর্শা, সিংপুর, সাইটধার এবং বাজিতপুর উপজেলাধীন কুকরারাইল, দিঘরিপাড়
- ১০। অফিস কপি